

সম্মেলন

জাতীয় বিশ্ববিদ্যালয় সেশনজটমুক্ত হবে ২০১৮ সালের মধ্যে

শেকুবি প্রতিনিধি

সেশনজটের অভিষাপ থেকে মুক্ত হতে যাচ্ছে 'জাতীয় বিশ্ববিদ্যালয়'। এই প্রোগ্রামের আওতায় প্রতি বছর ৪ মাস এগিয়ে আনা হচ্ছে ভর্তি পরীক্ষা ও ক্লাসের সময়সূচি। এতে আগামী ২০১৮ সালের মধ্যভাগেই দেশের সবচেয়ে বড় পাবলিক বিশ্ববিদ্যালয়টি সেশনজটমুক্ত হবে। গতকাল শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকুবি) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের ২৪৩তম বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশীদ। এ ছাড়া বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফরমের দায় প্রায় একই পর্যায়ে আনার কথাও বিবেচনা করা হচ্ছে বলে বৈঠক সূত্রে জানা যায়।

তিনি জানান, এ বছর থেকে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সব বিশ্ববিদ্যালয়ের আগে অনুষ্ঠিত হবে। ফলে আগামী ১ ডিসেম্বর থেকে ১ম বর্ষের ক্লাস শুরু করা যাবে। তিনি আরও জানান, বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ১ বছর ৩ মাস সেশনজট আছে, যা এই প্রোগ্রামের আওতায় এনে সেশনজটমুক্ত করতে ২০১৮ সালের মধ্যভাগ পর্যন্ত সময় লাগবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পরিষদের সভাপতি এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রুহুল আমিনের সভাপতিত্বে সভা উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক

খালেদা একরাম, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শাদাত উল্লাহ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইয়াসমিনসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ২১ জন উপাচার্য।

ভারতে চলন্ত ট্রেনে বাংলাদেশি ধর্ষণ ও হত্যার ঘটনায় রিট

সমকাল প্রতিবেদক

ভারতে চলন্ত ট্রেনে বাংলাদেশের নাগিস বেগমকে ধর্ষণ করে হত্যার ঘটনায় হাইকোর্টে একটি রিট আবেদন করা হয়েছে। রিটে নাগিস বেগমের লাশ উত্তোলন করে ময়নাতদন্ত এবং ভারত থেকে বাংলাদেশে লাশ হস্তান্তরের বিষয়ে সব কাগজপত্র চাওয়া হয়েছে।

বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই রিট আবেদনটি করেন নিহতের মামি রাহেলা বেগম ও বাংলাদেশি হিউম্যান রাইটস ফাউন্ডেশনের পক্ষে আইনজীবী এলিনা খান। স্বরাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিব, খুলনার জেলা প্রশাসক এবং খুলনা জেলার সোনাডাঙ্গা থানার সংশ্লিষ্ট এসআইকে রিটে বিবাদী করা হয়েছে।

রিট আবেদনে গণমাধ্যমের বরাত দিয়ে বলা হয়, গত ৯ মার্চ নিজের ও মায়ের চিকিৎসার জন্য খুলনার নাগিস বেগম পথে ভারত যান।

১৯ মার্চ সোনাডাঙ্গা পুলিশের কাছ থেকে জানা যায়, নাগিস মারা গেছে।